



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/নারায়নগঞ্জ-৩৪/ ২৬৩/৬

তারিখঃ ১১.০৪.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন মুছাপুর দাখিল মাদ্রাসার আরবী শিক্ষক আব্দুস সালাম কর্তৃক ১০ম শ্রেণির ছাত্র সাজ্জাদ-কে পাঞ্জাবীর নিচে প্যান্ট পড়ার কারনে মারধর করা ও এ বিষয়ে বিক্ষোভ করায় ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক ১০ম শ্রেণির ৩০ জন ছাত্রকে মাঠে দাড় করিয়ে জুতা পেটা করা সহ বিভিন্ন অনিয়মের বিষয় পত্রিকায় প্রকাশিত হওয়ায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন ও সালিশ কেন্দ্র (আসক) অত্র বোর্ডে কাগজপত্রসহ আবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে জরুরী ভিত্তিতে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
11.04.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার  
বন্দর, নারায়নগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/নারায়নগঞ্জ-৩৪/\_\_\_\_\_

তারিখঃ .০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বন্দর, নারায়নগঞ্জ।
৪. সিনিয়র উপপরিচালক, আইন ও সালিশ কেন্দ্র (আসক), লালমাটিয়া, ঢাকা।
৫. সভাপতি/সদস্যবৃন্দ, মুছাপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর- মিনারবাড়ী, বন্দর, নারায়নগঞ্জ।
৬. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মুছাপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর- মিনারবাড়ী, বন্দর, নারায়নগঞ্জ।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪



# Ain o Salish Kendra (ASK)

## আইন ও সালিশ কেন্দ্র (আসক)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
Net-40/Cons-16/Eteier/Paper Cutting দপ্তর

তারিখ: ১৫.০৩.২০১৮

**অতীব জরুরী**

২৭/৬  
২০/০৬/১৮

ডায়েরী নং	২১৭
তারিখ	
স্বাক্ষর	
পরিচালক	
অতিরিক্ত/সহ	
উপ-পরিচালক	
অতিরিক্ত সেক/কম্পিউটার কেন্দ্র	
ফোন নং	
জরুরী আলোচন/বহুস্থান নিয়	

বরাবর,  
চেয়ারম্যান,  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,  
২নং এতিমখানা রোড, বকশি বাজার,  
ঢাকা।

পরিদর্শক  
উপরেজিঃ পেশাঃ/কমন  
ও/বিঃ/হিরক  
আইসিটি/কম্পিউটার কেন্দ্র

বোজিস্টার  
২০/০৬/১৮

২০/০৬/১৮

বিষয়: পত্রিকায় প্রকাশিত “না’গঞ্জে মাদ্রাসা সভাপতির অপসারণ চেয়ে বিক্ষোভ” শীর্ষক খবর প্রসঙ্গে।

জনাব,  
আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর পক্ষ থেকে শুভেচ্ছা। অধিকার বঞ্চিতদের অধিকার প্রতিষ্ঠার প্রত্যয়ে মানবাধিকার সংস্থা হিসেবে আইন ও সালিশ কেন্দ্র বিগত ৩০ বছর ধরে অধিকার বঞ্চিতদের আইনগত ও অন্যান্য সহায়তা প্রদান করে আসছে। ১৫.০৩.২০১৮ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত “না’গঞ্জে মাদ্রাসা সভাপতির অপসারণ চেয়ে বিক্ষোভ” শীর্ষক খবরের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

পত্রিকার সংবাদ হতে জানা যায়, নারায়ণগঞ্জ বন্দরে মুছাপুর দারুসুন্নাহ দাখিল মাদ্রাসায় গত বৃহস্পতিবার ১০ম শ্রেণীর ছাত্র সাজ্জাদ পাঞ্জাবীর সাথে প্যান্ট পরে আসায় আরবী শিক্ষক আব্দুস সালাম ছাত্র সাজ্জাদকে মার ধর করেন। এঘটনায় ছাত্ররা প্রতিবাদ করায় ম্যানেজিং কমিটির সভা চলাকালে বিনা এজেন্ডায় সালাম মাস্টার বিষয়টি উত্থাপন করলে মাদ্রাসার সভাপতি ১০ম শ্রেণীর ৩০ ছাত্রকে উপস্থিত ম্যানেজিং কমিটির সামনে প্রকাশ্যে মাঠে দাঁড় করিয়ে জুতা পেটা করেন। এঘটনায় ছাত্ররা ক্ষিপ্ত হয়ে গতকাল বিক্ষোভ করে। বিক্ষোভ শেষে ছাত্ররা থানায় গিয়ে অভিযোগ করে।

শিশুদের উপর শারীরিক শাস্তি আরোপের বিরুদ্ধে দায়ের করা মামলার (রিট পিটিশন নং ৫৬৮৪/২০১০) রায়ের প্রেক্ষিতে ২১.০৪.২০১১ তারিখে শিক্ষা মন্ত্রণালয় ‘শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের শারীরিক ও মানসিক শাস্তি রহিত করা সংক্রান্ত পরিপত্র-২০১১’ জারি করে। তাছাড়া শিশুদের উপর শারীরিক ও মানসিক শাস্তি আরোপ শিশু অধিকার সনদ এর ১৯নং অনুচ্ছেদ পরিপন্থী যা বাংলাদেশ অনুসমর্থন করেছে।

অতএব অভিযুক্ত সভাপতি ও শিক্ষকের বিরুদ্ধে বিধি অনুযায়ী নিরপেক্ষ তদন্তের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানাচ্ছি। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আইন ও সালিশ কেন্দ্র আপনাকে সবিনয় অনুরোধ জানাচ্ছে। গৃহীত পদক্ষেপের বিষয়ে আইন ও সালিশ কেন্দ্রকে অবহিত করলে বাধিত হবো।

ধন্যবাদসহ  
১৫/০৬/১৮  
রওশন জাহান পারভীন  
সিনিয়র উপপরিচালক  
আউটকাম-৩,৪

৭৪০

সংযুক্তি: পেপার কাটিং

